

শেখ হাসিনা সরকারের অর্থায়নে

# যায়যায়দিন

১৯৮৪ থেকে

তারিখ : ১৩/১১/২০১৩ (পৃঃ১৩)

নতুন প্রযুক্তি

ত্রি-মিনি কম্বাইন হারভেস্টার



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এবার কৃষকের সুবিধার্থে উদ্ভাবন করল মিনি কম্বাইন হারভেস্টার। এটি এমন একটি শস্য কর্তন যন্ত্র, যা আকারে তুলনামূলকভাবে ছোট কিন্তু সুবিধা অনেক বেশি। মেশিনটি দিয়ে এক সঙ্গে ধান ও গম কাটা, মাড়াই, ঝাড়াই ও বস্তায় ভর্তি করা যায়। কম্বাইন হারভেস্টার দুই ধরনের— হেডফিড : যে পদ্ধতিতে ধান বা গমের শীষের অংশটুকু মাড়াই হয় এবং খড় আস্ত থাকে।

হোলফিড : যে পদ্ধতিতে ধান বা গমের সম্পূর্ণ অংশ মাড়াই হয় এবং খড় আস্ত থাকে না, টুকরা টুকরা হয়ে এলোমেলো হয়ে যায়। মেশিনটির জ্বালানি খরচ ১.৭৫-২.৫ লিটার/ঘণ্টা। দুজন শ্রমিক এক ঘণ্টায় ১.২-১.৭৫ বিঘা জমির ধান বা গম কাটতে পারে। বাজারে এ যন্ত্রটির দাম পড়বে ৫-৬ লাখ টাকা। বর্তমানে প্রস্তুতকৃত কম্বাইন হারভেস্টারের অধিকতর মান উন্নয়ন করা, হেডফিড মিনি কম্বাইন হারভেস্টার আরও উন্নত ও সাশ্রয়ী করতে কাজ করছেন ব্রি বিজ্ঞানীরা।

-এম আব্দুল মোমিন